NYC Public Schools | PS+YOU

চ্যান্সেলর **কামার এইচ. স্যামুয়েলস্**-এর পক্ষ থেকে একটি নিউজলেটার







## আমাদের শিক্ষাবিদ কমিউনিটি সম্প্রসারণ করছি

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

বলিষ্ঠ শিক্ষাবিদের মাধ্যমে বলিষ্ঠ স্কুলের শুরু। চ্যান্সেলর হিসেবে, এবং NYC টিচিং ফেলো হিসেবে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আমার নিজের ক্যারিয়ার শুরু করার ফলে, আমি জানি শিক্ষার্থী, স্কুল, এবং পরিবারদের জন্য একজন অসাধারণ শিক্ষক কতটা যুগান্তকারী হতে পারেন।

প্রতিটি এলাকার প্রতিটি শিশু যেন উচ্চ-মানসম্পন্ন শিক্ষা অর্জন করছে এবং আমাদের শিক্ষকগণ যেন আমাদের কমিউনিটিগুলোর বৈচিত্র্যময়তা ও শ্রেষ্ঠত্বের প্রতিফলন ঘটায়, তা নিশ্চিত করতে অসাধারণ শিক্ষকদের নিয়োগ এবং তাদের সহায়তা দেয়া অপরিহার্য। পাঁচ বরো জুড়ে স্কুলগুলোতে ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা কমিয়ে আনার পাশাপাশি আমরা আরও বেশি নিবেদিত, সুচিন্তিত, ও সৃজনশীল নিউ ইয়র্কবাসীদেরকে NYCPS শিক্ষক হিসেবে নিয়োগ দেয়ার জন্য খুঁজছি।

আপনি বা আপনি কাউকে চেনে যিনি একজন অভিজ্ঞ শিক্ষক অথবা নতুন পেশা হিসেবে শিক্ষকতা বিবেচনা করছে, যেই হোক না কেন, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস ক্লাসরুমে শিক্ষকতার জন্য বহু পথ-পরিক্রমা অফার

করে। এতে রয়েছে সনদপ্রাপ্ত বা সার্টিফায়েড শিক্ষকগণ, অন্যান্য স্টেটের শিক্ষকগণ, বর্তমানে NYCPS-এর কর্মরত কর্মীবৃন্দ যারা শিক্ষক হতে আগ্রহী, শিক্ষকতার জন্য ত্বরায়িত পথ-পরিক্রমা, ইন্ডাস্ট্রি পেশাদারদের জন্য বিভিন্ন সুযোগ এবং আরও অনেক বিকল্প। আপনার জন্য অথবা আপনার পরিচিত কারো জন্য এই সুযোগগুলো সঠিক কিনা তা জানতে TeachNYC.net দেখতে পারেন।

নিউ ইয়র্ক সিটিতে শিক্ষকতা করার অর্থ হলো একটি ক্লাসরুমের চেয়েও বৃহত্তর কিছুর অংশ হওয়া। এটি পরিষেবা দেয়ার, শেখার, এবং আমাদের সিটির ভবিষ্যৎ রূপায়নে সহায়তা করার একটি সুযোগ।

আপনি বা আপনার পরিচিত কেউ যদি কখনো শিক্ষক হবার কথা ভেবে থাকেন, তাহলে আমি আপনাকে TeachNYC.net -এ যেসব পথ-পথিক্রমা অন্বেষণ করতে এবং শেয়ার করতে উৎসাহিত করছি।

অংশীদারিত্বে,

কামার এইচ. স্যামুয়েলস্ (Kamar H. Samuels)
চ্যান্সেলর

**চ্যান্সেলরের স্পটলাইট:**

**NYC টিচিং ফেলোস্** হলো এমন একটি পথ-পরিক্রমা, যা আমার বিশেষভাবে প্রিয়, কারণ 20 বছর আগে আমি এই প্রোগ্রামটিতেই যোগ দিয়েছিলাম। আমি সাবওয়েতে একটি বিজ্ঞাপন থেকে টিচিং ফেলোস সম্পর্কে জানতে পারি; সেটিতে লেখা ছিল, "আপনার প্রথম গ্রেডের শিক্ষকের নাম আপনি সবসময় মনে রাখবেন। আপনারটি কে মনে রাখবে?" সেই প্রশ্নটি আমার মনে গেঁথে রয়েছে। আমি টিচিং ফেলো হবার জন্য আবেদন করি এবং কয়েক মাস পর ক্লাসরুমে নিয়োজিত হই।

আমাদের টিচিং ফেলোগণ বিভিন্ন পেশার পটভূমি থেকে আসেন (আমি একজন অ্যাকাউন্টেন্ট ছিলাম), এবং আমার গণিতের প্রতি ভালোবাসাকে শিক্ষকতায় প্রয়োগ করতে প্রোগ্রামটি আমাকে নিবিড় প্রস্তুতি, মেন্টরশিপ, এবং চলমান পেশাগত শিক্ষা প্রদান করেছে।

NYC টিচিং ফেলোস-এর আবেদনপত্র 19 মার্চ পর্যন্ত খোলা থাকবে, তাই যদি আপনার একটি ব্যাচেলর্স ডিগ্রি থেকে থাকে এবং NYC-এর শিক্ষার্থীদের জীবনে পরিবর্তন আনার আকাঙ্ক্ষা থাকে, তবে আবেদন করার জন্য আজ একটি চমৎকার দিন।

*কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যান্সেলরের স্পটলাইট-এর জন্য মনোনয়ন দিন।*

**আমাদের হাইলাইট ভিডিও:**




অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং" (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

**NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:**

- জানুয়ারি মাসে নিউ ইয়র্ক স্টেটে প্রথমবারের মতো মুসলিম আমেরিকান ঐতিহ্য মাস পালিত হয়েছে। এই গুরুত্বপূর্ণ মাইলফলকটি স্মরণীয় করে রাখতে তৈরি আমাদের ভিডিওটি দেখুন। আমাদের সিটি, দেশ, এবং বিশ্বে প্রভাব রেখেছে এমন মুসলিম আমেরিকান্দের উদযাপনকারী আমাদের হিডেন ভয়েসেস্ পাঠ্যক্রমের তথ্য-সংস্থান দেখুন।
- ফেব্রুয়ারি হচ্ছে ব্ল্যাক হিস্টরি মাস। পরিবার ও শিক্ষাবিদদের জন্য প্রতিপাদ্য বা থিম ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান, প্রদর্শনী, বইয়ের সুপারিশ, এবং অডিওভিজ্যুয়াল তথ্য-সংস্থানের সর্বসাম্প্রতিক তালিকার জন্য আমাদের অফিশিয়াল ব্ল্যাক হিস্ট্রি মাসের ওয়েবপেজ দেখুন।

- আরও খবর এবং তথ্য-সংস্থানের জন্য, অনলাইনে ফেসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।

*NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে অনুগ্রহ করে please আনসাবস্ক্রাইব-এ ক্লিক করুন।*